

HEPATITIS B

Hepatitis B

Hepatitis B is a contagious viral infection that attacks the liver and can cause both acute and chronic disease. It is a serious infection that can affect someone for a short period of time (weeks to months) or for the rest of their life (chronic hepatitis). Over many years people with chronic hepatitis B are at risk of liver complications. Your doctor will need to arrange regular blood tests to monitor your progress.

Symptoms

Someone who contracts hepatitis may begin to experience the following symptoms:

- Fever
- Fatigue
- Loss of appetite
- Nausea
- Vomiting
- Abdominal pain
- Dark urine
- Pale/light colored faeces
- Joint pain
- Jaundice (yellowing of the skin)

Some people will not experience any symptoms of hepatitis B however it is still possible for them to infect other people with the virus.

<i>Ways of spreading hepatitis B</i>	<i>Ways to protect others from hepatitis B</i>
Having sex with an infected partner	Ensure that you practice safe sex using condoms with your husband/wife to prevent them from contracting hepatitis B
Sharing needles, syringes or other injectable equipment	Ensure that you never share needles or other equipment used to give injections with others. Ensure you tell your doctor, dentist or other health care professional that you have hepatitis B
Having a baby or breastfeeding	Hepatitis B positive mothers should consult their gynaecologist during pregnancy
Sharing razors or toothbrushes	Hepatitis B is spread by blood and other body fluids. Hepatitis B can survive outside the body for 7 days so it important that you do not share razors or toothbrushes that may carry the virus with other family members
Direct contact with blood or open wounds	Hepatitis B is spread by blood. It is important that any cuts or wounds are covered to prevent the virus spreading

Vaccination

A series of three injections over 6 months are given to prevent hepatitis B infection. Your local doctor should organize for your family to be screened for hepatitis B and immunize them against the virus if appropriate.

For more information contact

Traveller's Clinic

Tel: +880 2 9899 620, 8860 523-32 (ext. 2311, 2371)

Email: trav.clinic@icddrb.org

December 2009



icddr,b

KNOWLEDGE FOR GLOBAL LIFESAVING SOLUTIONS

হেপাটাইটিস বি

হেপাটাইটিস বি

হেপাটাইটিস বি একটি ছোঁয়াচে, ভাইরাস-জনিত সংক্রমণ যা মানুষের যকৃতকে আক্রান্ত করে এবং আকস্মিক বা দীর্ঘস্থায়ী রোগ সৃষ্টি করতে পারে। ইহা একটি গুরুতর ভাইরাস-জনিত সংক্রমণ যা একজন রোগীকে সংক্ষিপ্ত সময় (কয়েক সপ্তাহ বা মাস) অথবা সারা জীবনের জন্য (দীর্ঘস্থায়ী সংক্রমণ) আক্রমণ করতে পারে। অনেক বছর যাবত (দীর্ঘস্থায়ী সংক্রমণ) হেপাটাইটিস বি রোগে ভুগলে যকৃৎের নানারকম সমস্যা দেখা দিতে পারে। এজন্য আপনার চিকিৎসককে হয়তো নিয়মিত রক্ত পরীক্ষার ব্যবস্থা নিতে হতে পারে, যাতে আপনার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা যায়।

লক্ষণ

একজন ব্যক্তি হেপাটাইটিস বি দ্বারা আক্রান্ত হলে নিম্নোক্ত লক্ষণগুলো দেখা দিতে পারে:

- জ্বর
- ক্লান্তি
- ক্ষুধামন্দা
- বমি বমি ভাব
- বমি
- পেটব্যথা
- গাঢ় রঙের প্রস্রাব
- হালকা বা ধূসর রঙের মল
- গিঁটে গিঁটে ব্যথা
- জন্ডিস (চামড়ার হলদেটে ভাব)

অনেক ক্ষেত্রে রোগীর মধ্যে হেপাটাইটিস বি-নির্দেশক কোনো ধরনের লক্ষণ প্রকাশ পায় না, কিন্তু তা সত্ত্বেও সে আরেকজনকে এই ভাইরাস দ্বারা সংক্রমিত করতে পারে।

হেপাটাইটিস বি যেভাবে ছড়ায়	হেপাটাইটিস বি থেকে অন্যদের রক্ষা করার উপায়
আক্রান্ত সঙ্গির সাথে যৌন মিলনের মাধ্যমে	আক্রান্ত স্বামী/স্ত্রীর সাথে যৌন মিলনের সময় কনডম ব্যবহার করে নিরাপদ যৌন সম্পর্ক নিশ্চিত করুন যা হেপাটাইটিস বি রোগ থেকে আপনাকে রক্ষা করবে
একই সূঁচ, সিরিঞ্জ অথবা অন্যান্য ইঞ্জেক্টেবল উপকরণ একাধিক ব্যক্তি ব্যবহার করলে	অন্যের ব্যবহৃত সূঁচ অথবা ইঞ্জেকশন ব্যবহার করবেন না। আপনার হেপাটাইটিস বি থাকলে আপনার চিকিৎসক, দস্ত চিকিৎসক অথবা অন্য স্বাস্থ্যকর্মীকে তা অবগত করুন
শিশুর জন্ম দিলে অথবা বুকের দুধ খাওয়ালে	হেপাটাইটিস বি দ্বারা আক্রান্ত মায়ের গর্ভাবস্থায় স্ত্রী-রোগ বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করা উচিত
একই রেজার অথবা টুথ-ব্রাশ ব্যবহার করলে	হেপাটাইটিস বি রক্ত এবং শরীরের অন্যান্য জলীয় পদার্থের মাধ্যমে বিস্তার লাভ করে। সাধারণত শরীরের বাইরে এই ভাইরাস ৭ দিন বেঁচে থাকে, কাজেই আক্রান্ত ব্যক্তির পরিবারের অন্যদের তাঁর ব্যবহৃত রেজার এবং টুথ-ব্রাশ ব্যবহার থেকে বিরত থাকতে হবে
রক্ত অথবা সরাসরি ক্ষতের সংস্পর্শের মাধ্যমে	হেপাটাইটিস বি রক্তের মাধ্যমে বিস্তার লাভ করে। তাই যেকোনো ধরনের কাটা স্থান অথবা ক্ষত ঢেকে রেখে এই ভাইরাস ছড়ানোর পথ বন্ধ করতে হবে

টিকাদান

হেপাটাইটিস বি সংক্রামন থেকে রক্ষা পেতে ধারাবাহিকভাবে ৬ মাসব্যাপি ৩টি ডোজের ইঞ্জেকশন দেওয়া হয়ে থাকে। আপনার স্থানীয় চিকিৎসকের কর্তব্য আপনাদের পরিবারের সকলের রক্ত পরীক্ষা করে প্রয়োজনমতো হেপাটাইটিস বি-এর প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করা।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

ট্রাভেলার্স ক্লিনিক

টেলিফোন: +৮৮০ ২ ৯৮৯৯ ৬২০, ৮৮৬০ ৫২৩৩২ (এক্সটেনশন ২৩১১, ২৩৭১)

ই-মেইল: trav.clinic@icddr.org

ডিসেম্বর ২০০৯



icddr,b

KNOWLEDGE FOR GLOBAL LIFESAVING SOLUTIONS